পিন করা শেষ স্মৃতি

ড. মোঃ শরিফুল ইসলাম

বইঝুলি

পিন করা শেষ স্মৃতি

ড. মোঃ শরিফুল ইসলাম

প্রকাশনায়
বইঝুলি
শিরিশ দাস লেন, বাংলাবাজার, ঢাকা-১১০০
মোবাইলঃ 01897820521

প্রকাশক
সবুজ হুসাইন
জহির উদ্দিন

প্রথম প্রকাশ
নভেম্বর, ২০২৬
©২০২৬ ড. মোঃ শরিফুল ইসলাম

সর্বস্বত্ব সংরক্ষিত।
এই বইয়ের কোনো অংশ লেখকের লিখিত অনুমতি ছাড়া কোনো মাধ্যমেই—মুদ্রণ, ফটোকপি, স্ক্যান, ইলেকট্রনিক সংরক্ষণ, অডিও, ভিডিও বা অন্য কোনো উপায়ে—পুনঃপ্রকাশ, সংরক্ষণ বা বিতরণ করা যাবে না।

প্রচ্ছদ
বইঝুলি টিম

মূল্যঃ ৪০০ টাকা
US/ 4$
ISBN: 978-984-29929-4-0

অনলাইন পরিবেশক: boijhuli.shop

উৎসর্গ

যারা হারিয়েও ভালোবাসেন, দূরে থেকেও স্মৃতিকে আগলে রাখেন-
যাদের না-বলা গল্পগুলো আজও হৃদয়ে বেঁচে আছে।
এই কাব্যগ্রন্থ সেই সব অমলিন স্মৃতির মানুষদের জন্য।

কৃতজ্ঞতায়
অধ্যাপক মোঃ হাসানুজ্জামান
মুখ্য সমন্বয়কারী, নোঙর
ও
কবি আলমগীরুল নিউটন
সমন্বয়কারী, নোঙর।

ভূমিকা

মানুষের জীবন এক আশ্চর্য স্মৃতির উপাখ্যান, যেখানে প্রাপ্তির আনন্দের চেয়েও কখনো অপ্রাপ্তির বেদনা অধিক গভীর হয়ে ওঠে। সময়ের অবিরাম স্রোতে কত প্রিয় মুখ হারিয়ে যায়, কত সম্পর্ক নিঃশব্দে ফুরিয়ে আসে; অথচ কিছু অনুভূতি হৃদয়ের নিভৃততম প্রদেশে চিরকাল অমলিন থাকে। সেই অনন্ত ভালোবাসা, অব্যক্ত আকুলতা ও না-ভোলা স্মৃতির কাব্যিক অনুরণন **'পিন করা শেষ স্মৃতি'।**

এই কাব্যগ্রন্থে প্রেম কখনো প্রথম মুগ্ধতার স্নিগ্ধ আলো, কখনো রোমান্টিকতার মায়াবী আবেশ, আবার কখনো বিচ্ছেদের নিঃশব্দ দীর্ঘশ্বাস। পুরোনো বার্তা, অপ্রেরিত চিঠি, হারানো বিকেল ও জমে থাকা অভিমানের ভেতর দিয়ে কবিতাগুলো উন্মোচন করেছে মানুষের অন্তর্লোকের সূক্ষ্ম অনুভূতি।

জোছনা, বৃষ্টি, নদী, শিউলি ও ঋতুর পরিবর্তনে প্রকৃতি এখানে হৃদয়ের নীরব ভাষা হয়ে উঠেছে। ভালোবাসার স্নিগ্ধতা, বিরহের নীরব বেদনা আর সময়ের নির্মম পরিবর্তনের মধ্য দিয়ে উন্মোচিত হয়েছে জীবনের এক চিরন্তন সত্য—সব ভালোবাসা মিলনে পূর্ণতা পায় না; কিছু প্রেম অপূর্ণতার গভীরেই খুঁজে নেয় তার অনন্ত অস্তিত্ব।

প্রত্যাশা, এই কবিতাগুলো পাঠকের হৃদয়ে জাগিয়ে তুলবে কোনো হারানো মুখ, অসমাপ্ত স্বপ্ন কিংবা না-বলা ভালোবাসার অনুরণন।

কারণ, মানুষ হারিয়ে যায়, সম্পর্কের গল্প থেমে যায়; তবু কিছু স্মৃতি হৃদয়ের গভীরে আজীবন পিন করা থেকে যায়।

ড. মোঃ শরিফুল ইসলাম

সূচিপত্র

প্রথম অধ্যায়: প্রেমের প্রথম অনুভূতি

- ❖ প্রথম মুগ্ধতা----------০৯
- ❖ চোখে তুমি----------১০
- ❖ প্রেমের শুরু----------১১
- ❖ হৃদয়জুড়ে তুমি--------১২
- ❖ মায়াবী হাসি----------১৩
- ❖ প্রথম স্পর্শ----------১৪
- ❖ অচেনা প্রেম----------১৫
- ❖ নীরব ভালোবাসা------১৬
- ❖ তোমার মায়া----------১৭
- ❖ প্রিয় অনুভূতি---------১৮
- ❖ প্রেমের পরশ--------১৯
- ❖ মনের ঠিকানা-------২০
- ❖ মুগ্ধ বিকেল---------২১
- ❖ হৃদয়চুরি----------২২
- ❖ বসন্ত তুমি----------২৩
- ❖ প্রথম জোছনা-------২৪
- ❖ প্রেমের আবেশ-----২৫
- ❖ তোমার নাম--------২৬
- ❖ স্বপ্নের মানুষ--------২৭
- ❖ ভালোবাসার জন্ম----২৮

দ্বিতীয় অধ্যায়: রোমান্টিকতার মায়াবী পৃথিবী

- ❖ জোছনাবিলাস---------২৯
- ❖ মায়াবতী----------৩০
- ❖ প্রেমের আকাশ-------৩১
- ❖ নীল প্রজাপতি--------৩২
- ❖ এক কাপ প্রেম-------৩৩
- ❖ বসন্ত অপেক্ষা--------৩৪
- ❖ বৃষ্টিবিলাস----------৩৫
- ❖ মেঘবালিকা----------৩৬
- ❖ নীলিমা----------৩৭
- ❖ স্বপ্নচারিণী----------৩৮
- ❖ গোধূলি প্রেম------৪৯
- ❖ কণ্ঠের মায়া-------৪০
- ❖ অনন্ত অনুরাগ-----৪১
- ❖ উষ্ণ আলিঙ্গন------৪২
- ❖ গোলাপপ্রিয়া-------৪৩
- ❖ পূর্ণিমা তুমি--------৪৪
- ❖ প্রেমপত্র----------৪৫
- ❖ নক্ষত্রপ্রেম---------৪৬
- ❖ বর্ষার মায়া--------৪৭
- ❖ প্রেমের দুপুর------৪৮

তৃতীয় অধ্যায়: স্মৃতির পাতায় তুমি

- ❖ পিন করা স্মৃতি--------৪৯
- ❖ পুরোনো ইনবক্স-------৫০
- ❖ শেষ মেসেজ----------৫১
- ❖ স্মৃতির নোটিফিকেশন--৫২
- ❖ ছবির অ্যালবাম--------৫৩
- ❖ সেই বিকেল----------৫৪
- ❖ ছবির মানুষ----------৫৫
- ❖ অমলিন স্মৃতি--------৫৬
- ❖ স্মৃতির খাতা---------৫৭
- ❖ শেষ দেখা----------৫৮
- ❖ ডায়েরির পাতা-------৫৯
- ❖ শুকনো গোলাপ------৬০
- ❖ না-পাঠানো চিঠি------৬১
- ❖ হারানো দিন---------৬২
- ❖ অপ্রেরিত প্রেম-------৬৩
- ❖ স্মৃতির শহর---------৬৪
- ❖ কণ্ঠের প্রতিধ্বনি-----৬৫
- ❖ পুরোনো ছবি---------৬৬
- ❖ স্মৃতির বিকেল--------৬৭
- ❖ তুমি ছিলে----------৬৮

চতুর্থ অধ্যায়: অভিমান ও বিরহ

- ❖ নীরব অভিমান--------৬৯
- ❖ দূরের তুমি----------৭০
- ❖ অসমাপ্ত প্রেম-------৭১-৭২
- ❖ নীরবতা----------৭৩
- ❖ অপেক্ষা----------৭৪
- ❖ হারানো ভালোবাসা----৭৫
- ❖ শেষ কথা----------৭৬-৭৭
- ❖ ফেরার অপেক্ষা-------৭৮
- ❖ দূরত্ব----------৭৯
- ❖ জমে থাকা অভিমান-৮০-৮১
- ❖ বিচ্ছেদপত্র----------৮২
- ❖ কান্নার শহর----------৮৩
- ❖ অপূর্ণতা----------৮৪
- ❖ হারানো প্রিয়----------৮৫
- ❖ অনুপস্থিতি----------৮৬
- ❖ শেষ বিদায়----------৮৭
- ❖ শেষ নোটিফিকেশন----৮৮
- ❖ অন্য কারও তুমি-------৮৯
- ❖ না-পাওয়ার প্রেম-------৯০
- ❖ বিদায়বেলা----------৯১

পঞ্চম অধ্যায়: নিঃসঙ্গতা ও বিষণ্ণতা

- ❖ একাকী নক্ষত্র------৯২
- ❖ মনখারাপ----------৯৩
- ❖ দীর্ঘশ্বাস----------৯৪
- ❖ নীল বিষাদ--------৯৫
- ❖ একলা জানালা----৯৬
- ❖ বৃষ্টির কান্না--------৯৭
- ❖ নিঃসঙ্গ চিঠি------৯৮
- ❖ ভাঙা হৃদয়-------৯৯
- ❖ অন্ধকার----------১০০
- ❖ বিষণ্ন পূর্ণিমা------101
- ❖ নীরব কান্না----------১০২
- ❖ একাকিত্ব----------১০৩
- ❖ রাত্রিজাগা----------১০৪
- ❖ নিঃসঙ্গ প্রেম----------১০৫
- ❖ মেঘলা মন----------১০৬
- ❖ হৃদয়শূন্যতা----------১০৭
- ❖ অশ্রুলিপি----------১০৮
- ❖ গোপন কষ্ট----------১০৯
- ❖ বিষাদের রং----------১১০
- ❖ শেষ দীর্ঘশ্বাস---------১১১

ষষ্ঠ অধ্যায়: প্রকৃতি, জীবন ও ভালোবাসা

- ❖ শিউলিবেলা----------১১২
- ❖ কাশফুল----------১১৩
- ❖ নদীর প্রেম----------১১৪
- ❖ শরৎকন্যা----------১১৫
- ❖ বসন্তবেলা----------১১৬
- ❖ শিশির কণা----------১১৭
- ❖ বৃষ্টির স্মৃতি----------১১৮
- ❖ চাঁদহীন রাত---------১১৯
- ❖ জোনাকির আলো---১২০
- ❖ পাখির গান----------১২১
- ❖ জীবনকাব্য----------১২২
- ❖ সময়ের প্রেম---------১২৩
- ❖ স্বপ্নবিলাস----------১২৪
- ❖ পুরোনো গন্ধ----------১২৫
- ❖ অসমাপ্ত জীবন----------১২৬
- ❖ চিরন্তন প্রেম----------১২৭
- ❖ শেষ বিকেল----------১২৮
- ❖ অমর ভালোবাসা---------১২৯
- ❖ স্মৃতি হয়ে রবে----------১৩০
- ❖ শেষ পাতায় তুমি---------১৩১

প্রথম অধ্যায়: প্রেমের প্রথম অনুভূতি

প্রথম মুগ্ধতা

সেদিন তোমায় প্রথম দেখে থমকে গেল ক্ষণ,
তোমার চোখের মায়ায় বাঁধা পড়ল আমার মন।
অচেনা এক ভালো লাগা জাগল বুকের মাঝে,
প্রেমের প্রথম মধুর সুর বাজল নীরব সাঁঝে।
তোমার হাসি বিকেল জুড়ে ছড়িয়ে দিল আলো,
তোমায় দেখে মনে হলো, পৃথিবী কত ভালো।
তোমার চলার ছন্দ যেন বসন্তেরই গান,
অজান্তেই তোমার প্রতি জাগল মনের টান।
সেদিন থেকে পথের বাঁকে তোমার ছবি আঁকি,
নির্জন রাতের স্বপ্নজুড়ে তোমায় বুকে রাখি।
জোছনা রাতে চাঁদের কাছে বলি গোপন কথা,
না-বলা প্রেমের গভীরতায় জাগে মধুর ব্যথা।
তোমার নামের প্রথম অক্ষর লিখি খাতার পাতায়,
তোমার স্মৃতি ফুল হয়ে ফোটে মনের আঙিনায়।
জানি না তুমি বুঝতে পারো হৃদয়ের এই ভাষা,
তোমায় ঘিরেই স্বপ্ন বুনি, জাগে ভালোবাসা।
প্রথম দেখা, প্রথম চাওয়া, প্রথম প্রেমের গান,
তোমার মাঝেই খুঁজে পেলাম স্বপ্নের সন্ধান।
যদি জানতে চাও, কবে প্রেম জেগেছিল মনে,
বলব—তোমায় দেখার দিনেই বসন্ত এলো জীবনে।
অচেনা তুমি আপন হলে, জুড়ালে আমার মন,
তোমার মায়ায় রঙিন হলো জীবনের প্রতিক্ষণ।
প্রথম দেখার সেই মুহূর্ত আজও অমলিন,
তোমার প্রেমের রঙে রাঙা আমার প্রতিদিন।

চোখে তুমি

তোমার চোখে নীল আকাশের গভীর মায়া দেখি,
সেই আকাশে মনের যত স্বপ্নছবি আঁকি।
দুটি চোখে লুকিয়ে থাকে না-বলা কত কথা,
এক পলকেই ভুলিয়ে দেয় হৃদয়ের সব ব্যথা।
তোমার চোখে ভোরের আলো, সন্ধ্যাতারার হাসি,
সেই দুচোখের মায়ায় আমি স্বপ্ন নিয়ে ভাসি।
কখনো তাতে বৃষ্টি নামে, কখনো জোছনা হাসে,
কখনো প্রেমের কোমল পরশ হৃদয় ছুঁয়ে আসে।
তোমার চোখের গভীরতায় হারিয়ে যেতে চাই,
সেই দুচোখের মায়ার মাঝে আপন ঠিকানা পাই।
একটি চাহনি মনের মাঝে হাজার স্বপ্ন বোনে,
তোমার চোখেই খুঁজে পেলাম ভালোবাসার মানে।
তুমি যখন চেয়ে থাকো মায়াভরা নয়নে,
অচেনা এক শিহরণ জাগে আমার গোপন মনে।
কত কথা বলতে গিয়েও নীরব হয়ে যাই,
চোখের ভাষায় মনের কথা তোমায় বলে যাই।
যদি কখনো হারিয়ে যাও অচেনা কোনো দেশে,
তোমার চোখের স্মৃতি রবে আমার হৃদয় ঘেঁষে।
হাজার চোখের ভিড়েও তোমায় চিনব বারবার,
তোমার দুচোখেই খুঁজে নেব ভালোবাসার ঘর।
তোমার চোখে চাঁদ দেখেছি, দেখেছি নীলিমা,
সেই দুচোখেই খুঁজে পেয়েছি প্রেমের পূর্ণিমা।
সময় যদি দূরে সরায় জীবনেরই স্রোতে,
তোমার চোখের মায়া রবে আমার চলার পথে।
তোমার চোখে হারিয়ে যাওয়ার সাধ যে মনে জাগে,
তোমার চাহনি স্বপ্ন হয়ে হৃদয় ছুঁয়ে লাগে।
পৃথিবীজুড়ে যতই থাকুক রূপের আলোর মেলা,
তোমার চোখের মায়ার কাছে ম্লান যে সকল বেলা।

প্রেমের শুরু

প্রেমের শুরু হয়েছিল এক শিউলি-ঝরা বেলায়,
প্রথম কথা বলেছিলে মিষ্টি হেসে আমায়।
তোমার চোখে চোখ রাখতেই হারিয়ে গেল মন,
সেই মুহূর্তে অচেনা তুমি হলে আপনজন।

প্রথম প্রথম লুকিয়ে রাখতাম মনের যত কথা,
তোমায় দেখার অপেক্ষাতে বাড়ত ব্যাকুলতা।
তুমি যখন নাম ধরে ডাকতে মধুর সুরে,
মনটা আমার হারিয়ে যেত স্বপ্নেরই দূরে।

একটু কথা, একটু হাসি, একটু অভিমান,
এভাবেই তো মনের মাঝে জাগল প্রেমের গান।
পাশাপাশি হাঁটতে হাঁটতে সন্ধ্যা নামত ধীরে,
বিদায় বেলায় মন চাইত না একলা ঘরে ফিরে।

সন্ধ্যা নামলেই তোমার কথা ভেসে আসত মনে,
তোমার বার্তা পেলে হাসি ফুটত আনমনে।
ছোট্ট ছোট্ট গল্প নিয়ে কাটত কত ক্ষণ,
কথার মাঝে ধীরে ধীরে কাছে আসত মন।

ধীরে ধীরে বুঝতে শিখি ভালোবাসার মানে,
তোমার সুখেই সুখ খুঁজে পাই মনের গভীর টানে।
তোমার হাসি ভালো লাগত, ভালো লাগত রাগ,
ছোট্ট ছোট্ট অভিমানেও বাড়ত অনুরাগ।

আজও মনে পড়ে সেই প্রথম দিনের ক্ষণ,
যেদিন তোমার মায়ায় বাঁধা পড়েছিল মন।
ফিরে যদি পেতাম আবার সেই বিকেলের আলো,
আবার তোমায় বাসতাম আমি প্রথম দিনের মতো ভালো।

হৃদয়জুড়ে তুমি

আমার হৃদয়জুড়ে তুমি, তোমায় ঘিরে গান,
তোমার মায়ায় ভরে থাকে আমার সারা প্রাণ।
সকাল হলে তোমায় ভাবি, সন্ধ্যায় তোমার কথা,
তোমার হাসি ভুলিয়ে দেয় মনের সকল ব্যথা।

তুমি আমার মেঘলা দিনে এক ফালি রোদ্দুর,
তোমার কণ্ঠে খুঁজে পাই যে ভালোবাসার সুর।
তুমি আমার ক্লান্ত দুপুরে শান্ত নদীর জল,
তোমার পাশে থাকলে মনে ফিরে আসে বল।

তোমার জন্য জমিয়ে রাখি হৃদয়ের সব গান,
তোমার কাছে হার মানে যে অভিমানী প্রাণ।
তোমার হাসি মন খারাপের মেঘ সরিয়ে দেয়,
তোমার একটু ভালোবাসায় নতুন সকাল হয়।

তোমার সঙ্গে পথ চলাতেই কাটুক প্রতিটি দিন,
তোমার ভালোবাসায় জীবন হোক আরও রঙিন।
ছোট্ট সুখ আর অভিমানে সাজাব আপন ঘর,
তোমার হাতটি ধরে থাকব জীবনভর।

যদি কখনো পথ হারাই জীবনেরই বাঁকে,
তোমার হাতটি রেখো শুধু আমার হাতের ফাঁকে।
যদি কখনো দুঃখ এসে দাঁড়ায় পথের ধারে,
তোমার হাতটি ধরে যাব সকল বাধার পরে।

তুমি ছাড়া স্বপ্নগুলো অসম্পূর্ণ রয়,
তোমার পাশে থাকলে মনে থাকে না কোনো ভয়।
জীবন যদি কবিতা হয়, তুমি তারই ছন্দ,
তোমার প্রেমে খুঁজে পাই যে জীবনের আনন্দ।

মায়াবী হাসি

তোমার হাসি দেখলে মনে বসন্ত নেমে আসে,
মনের যত দুঃখ মুছে নতুন সকাল হাসে।
একটু হাসি, একটু মায়া, চোখের মিষ্টি ভাষা,
সেই হাসিতেই খুঁজে পাই যে বেঁচে থাকার আশা।

তোমার হাসি ভোরের আলো, শিশিরভেজা ফুল,
সেই হাসিতে ভুলে যাই যে মনের যত ভুল।
তুমি যখন হেসে ওঠো মেঘের আড়াল ভেঙে,
আমার আকাশ রঙিন হয়ে ওঠে সাতটি রঙে।

তোমার হাসির মিষ্টি ছোঁয়ায় জেগে ওঠে গান,
সেই হাসিতে শান্তি খুঁজে পায় অভিমানী প্রাণ।
তোমার হাসি জোছনা হয়ে নামে নীরব রাতে,
মনের যত বিষাদ মুছে যায় যে তারই সাথে।

মন খারাপের বিকেলগুলো তোমায় দেখে হাসে,
নিঃসঙ্গ রাত আলো খুঁজে পায় তোমারই পাশে।
তোমার হাসি ছড়িয়ে থাকুক সকল ঋতু জুড়ে,
সেই হাসিতে স্বপ্নগুলো ফুটুক হৃদয়জুড়ে।

হাসির আড়ালেও যে তোমার লুকিয়ে থাকে ব্যথা,
মন খারাপের দিনে আমায় বোলো মনের কথা।
ক্লান্ত দিনের শেষে যদি হাসতে ভুলে যাও,
আমার যত ভালোবাসা আপন করে নাও।

তোমার হাসি আমার কাছে সবচেয়ে প্রিয় গান,
সেই হাসিতেই খুঁজে পাই যে বেঁচে থাকার টান।
জীবনজুড়ে হাসিমুখে থেকো আমার পাশে,
তোমার হাসির আলোয় যেন প্রতিটি সকাল হাসে।

প্রথম স্পর্শ

তোমার হাতের প্রথম ছোঁয়া আজও মনে পড়ে,
সেই মুহূর্ত বেঁচে আছে হৃদয়েরই ঘরে।
আঙুল ছুঁয়ে আঙুল যখন নীরবে কথা কয়,
মনে হয়েছিল ভালোবাসার চেয়ে সুন্দর কিছু নয়।

তোমার হাতের উষ্ণতায় শীতের রাতও হাসে,
বসন্তেরই কোমল পরশ হৃদয় ছুঁয়ে আসে।
একটি ছোঁয়ায় জেগে উঠল কত রঙিন আশা,
সেই মুহূর্তে বুঝেছিলাম প্রথম ভালোবাসা।

সেদিন যেন থেমে ছিল সময় কিছুক্ষণ,
তোমার চোখের নীরব ভাষায় হারিয়ে গেল মন।
লাজুক হাসি, নত চোখে জমে থাকা কথা,
তোমার ছোঁয়ায় ভুলে গেলাম মনের সকল ব্যথা।

কত দিন আর কত রাত কেটে গেল ধীরে,
প্রথম ছোঁয়ার স্মৃতি আজও আসে মনে ফিরে।
নির্জন রাতে সেই মুহূর্ত মনে পড়ে যায়,
আবার তোমার হাতটি ধরতে মন যে ব্যাকুল হয়।

হাতের মাঝে হাতটি রেখে হাঁটব একই পথে,
সুখে-দুঃখে থাকতে চাই তোমারই সাথে।
ঝড়ের দিনে হাতটি রেখো আমার হাতের মাঝে,
তোমার ছোঁয়ায় সাহস জাগে জীবনের সব কাজে।

যদি আবার জন্ম হয়, তোমায় আবার চাই,
প্রথম ছোঁয়ার সেই অনুভব আবার ফিরে পাই।
জীবন জুড়ে তোমার জন্য বুকে রাখব মায়া,
তোমার হাতেই খুঁজে নেব ভালোবাসার ছায়া।

অচেনা প্রেম

চিনতাম না তোমায় আগে, ছিলে অচেনা জন,
প্রথম দেখায় তোমার মায়ায় হারিয়ে গেল মন।
অচেনা সেই মুখের মাঝে খুঁজে পেলাম মায়া,
সেদিন থেকে মনের মাঝে রইল তোমার ছায়া।

কোন সে জাদু ছড়িয়ে দিলে আমার হৃদয়জুড়ে,
তোমার কথা মনে পড়ে সকাল থেকে দুপুরে।
নাম না জানা অনুভূতি ভালোবাসা হয়ে যায়,
অচেনা কেউ আপন হয়ে হৃদয় ছুঁয়ে যায়।

তোমার সঙ্গে দেখা হলে বদলে যেত দিন,
তোমার হাসির আলোয় সকাল হয়ে উঠত রঙিন।
কথা হতো অল্প কিছু, কত গল্প মনে,
তোমার মুখটি ভেসে উঠত একলা গোপন ক্ষণে।

জানি না কোন পথ ধরে তুমি এলে কাছে,
মনে হয় যেন কত দিনের চেনা তুমি পাশে।
হয়তো কোনো জন্মে ছিলে আমারই আপন,
তাই তো তোমায় দেখলেই কেঁপে ওঠে মন।

তোমার চোখে তাকিয়ে আমি কত স্বপ্ন আঁকি,
মনের মাঝে যত্ন করে তোমার ছবি রাখি।
কখনো ভাবি, তুমি কি গো বুঝতে পারো আমায়?
তোমার জন্য এই হৃদয় কত স্বপ্ন সাজায়।

অচেনা তুমি আপন হলে মনের অজান্তে,
তোমার মায়া জড়িয়ে থাকে প্রতিটি দিনরাতে।
যদি জানতে কতটা তুমি আপন আমার,
বুঝতে পারতে কেন তোমায় খুঁজি বারবার।

নীরব ভালোবাসা

ভালোবাসি বলিনি তোমায়, চোখে রেখেছি কথা,
হাসির আড়ালে লুকিয়ে রাখি বুকের গোপন ব্যথা।
তুমি যখন সামনে আসো, হারিয়ে ফেলি ভাষা,
নীরব চোখেই প্রকাশ পায় মনের ভালোবাসা।

তোমার পথে ফুল বিছাতে ইচ্ছে করে মনে,
তোমার কথাই ভেবে থাকি নির্জন প্রতিক্ষণে।
তুমি জানো না, তোমায় ঘিরে কত স্বপ্ন আঁকি,
মনের গোপন আঙিনাতে তোমার ছবি রাখি।

তোমার হাসি দেখলে আমার মনটা ভরে যায়,
তোমার সুখের মাঝেই যেন নিজের সুখকে পাই।
তুমি যদি ভালো থাকো অন্য কারও পাশে,
দূর থেকে এই মন তোমার সুখের আশায় হাসে।

কখনো যদি বুঝতে পারো চোখের নীরব ভাষা,
দেখবে কত যত্নে রেখেছি তোমার ভালোবাসা।
কত কথা বলার ছিল, বলা হলো না আর,
তোমার নামেই লিখে রাখি অনুভূতি আমার।

দিনের শেষে একলা বসে তোমার কথা ভাবি,
তোমার সুখের জন্য মনে নীরব প্রার্থনা রাখি।
হয়তো কোনোদিনও তুমি জানবে না এ কথা,
তোমায় ঘিরেই বেঁচে থাকে আমার নীরব ব্যথা।

নীরব প্রেমে দাবি নেই তো, নেই কোনো অভিমান,
তোমার সুখেই খুঁজে নেব বেঁচে থাকার গান।
তুমি থেকো সুখের মাঝে, এই তো শুধু চাওয়া,
তোমায় না পেয়েও ভালোবাসা আমার পরম পাওয়া।

তোমার মায়া

তোমার মায়ায় জড়িয়ে আছি অজানা এক ঘোরে,
তোমার স্মৃতি জেগে থাকে হৃদয়েরই ঘরে।
তোমার হাসি, অভিমান আর চোখের মিষ্টি ভাষা,
সব কিছুতেই খুঁজে পাই যে ভালোবাসার আশা।

কী যে মায়া তোমার মাঝে, বুঝতে পারি না,
তোমায় ছাড়া অন্য কিছু ভাবতে পারি না।
তোমার কথা ভাবতে ভাবতে সকাল গড়িয়ে যায়,
রাতের বেলা স্বপ্ন হয়ে তোমার মুখটি ভাসায়।

তুমি যেন মেঘের ফাঁকে পূর্ণিমারই আলো,
তোমার হাসি দেখলে মনে লাগে ভীষণ ভালো।
তুমি যেন ভোরের বেলা শিশিরভেজা ফুল,
তোমার কাছে এলেই হয়ে যায় সব ভুল।

তোমার চোখের গভীরতায় হারিয়ে যেতে চাই,
তোমার বুকে মাথা রেখে শান্তি খুঁজে পাই।
তোমার পাশে বসে শুনি ভালোবাসার গান,
তোমার মাঝেই খুঁজে পাই যে বেঁচে থাকার টান।

তোমার ছোঁয়ায় মনের মাঝে নতুন স্বপ্ন জাগে,
তোমার কথা মনে পড়ে সকাল হওয়ার আগে।
তোমার হাসি মুছে দেয় যে মনের সকল ব্যথা,
তোমার কাছে বলতে পারি না-বলা যত কথা।

যদি কখনো দূরে যাও সময়েরই টানে,
তোমার মায়া রয়ে যাবে আমার হৃদয়খানে।
হাজার মানুষের ভিড়েও তোমাকেই যে চাই,
তোমার মায়ার মাঝেই আমি আপন ঠিকানা পাই।

প্রিয় অনুভূতি

তুমি আমার ভোরের আলো, সন্ধ্যাতারার হাসি,
তোমায় আমি হৃদয় দিয়ে নিঃশব্দে ভালোবাসি।
তুমি আমার মেঘলা দিনে রোদের কোমল ছোঁয়া,
তোমায় ঘিরেই মনের মাঝে স্বপ্নগুলো বোনা।

তোমার কথা ভাবলে মনে ফুলের সুবাস পাই,
তোমার মায়ায় হারিয়ে গিয়ে নিজেকে ভুলে যাই।
তুমি এলে মনের মাঝে বসন্ত ফিরে আসে,
তোমার হাসি শিশির হয়ে হৃদয়জুড়ে হাসে।

তুমি আমার প্রিয় সুর, তুমি মনের গান,
তোমার মাঝেই খুঁজে পাই যে বেঁচে থাকার টান।
তুমি আমার নীল আকাশে পূর্ণিমারই আলো,
তোমায় পাশে পেলে লাগে পৃথিবীটা ভালো।

তোমার সঙ্গে কাটুক আমার জীবনের সব ক্ষণ,
তোমার ভালোবাসায় ভরে থাকুক আমার মন।
তুমি পাশে থাকলে প্রিয়, থাকে না কোনো ভয়,
তোমার হাতটি ধরলে মনে সাহস সঞ্চয় হয়।

তুমি আমার শান্ত নদী, আমি তোমার তীর,
তোমার স্নেহে শান্তি খুঁজে পাই যে গভীর।
জীবন যদি পথ হারায় অচেনা কোনো বাঁকে,
তোমার হাতটি রেখো প্রিয় আমার হাতের ফাঁকে।

সব অনুভূতির শেষে একটি কথাই বলি,
তোমার হাতটি ধরে আমি জীবনপথে চলি।
তুমি আমার সুখের ঠিকানা, স্বপ্ন দেখার গান,
তুমিই আমার প্রিয় অনুভূতি, হৃদয়ের আপন প্রাণ।